MAY 01 2002

ভোরের কাগজ

তারিখ ........ পৃষ্ঠা ৭২ কলাম ৫

সেভ দ্য চিলড্রেন-এর অভিযোগ

# স্বাস্থ্য ও শিক্ষা ছাড়া শিশুদের অন্যান্য অধিকার উপেক্ষিত

কাগজ প্রতিবেদক : এক দশক আগে বাংলাদেশ জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষর করলেও শুধুমাত্র স্বাস্থ্য এবং শিক্ষা ছাড়া শিশুদের অন্যান্য সব অধিকারই উপেক্ষিত রয়ে গেছে।

গতকাল মঙ্গলবার ৮ থেকে ১০ মে অনুষ্ঠিতব্য জাতিসংঘ শিশু বিষয়ক বিশেষ অধিবেশন উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সেভ দ্য চিলড্রেন এই অভিযোগ উত্থাপন করে জানায়, শিশু অধিকার সনদ পুরোপুরি বাস্তবায়নের জন্য সরকারের ওপর চাপ সৃষ্টি করা হবে। এছাড়া গণসচেতনতা সৃষ্টির জন্য জেলায় জেলায় আন্দোলন গড়ে তোলা হবে।

জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখে সেভ দ্য চিলড্রেনের সঙ্গে যুক্ত শিশু সুমন, শরিফুল আলম, ফারজানা জামাল এবং আনোয়ার হোসেন।

বক্তারা জানান, আগামী ৮ থেকে ১০৫মে নিউইয়র্কে অনুষ্ঠিতব্য শিশু বিষয়ক জাতিসংঘের বিশেষ অধিবেশনের আদলে দেশে বসেই শিশুরা অধিবেশনের আয়োজন করবে; যাতে গত এক দশকে সরকারের গৃহীত পদক্ষেপগুলোর সাফল্য এবং ব্যর্থতাগুলো পর্যালোচনা করা হবে।

তারা বলেন, শিশুমৃত্যুর হারসহ শিশুশ্রম, শিশু পাচার হওয়ার ঘটনাগুলো এখনো সরকার নিরসন করতে পারেনি। শিশুদের অধিকার সংরক্ষণের জন্য বয়স্ক, শিশু সকলের মধ্যেও ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করতে পারেনি সরকার।

সেভ দ্য চিলড্রেনের শিশুরা জানান, এ লক্ষ্যে ভবিষ্যৎ কর্মসূচি হিসেবে সরকারের সঙ্গে শিশুদের সরাসরি/মুখোমুখি অনুষ্ঠান, দেশের সকল বিভাগের/ জেলার শিশুদের নিয়ে শিশু অধিকার বাস্তবায়নের ওপর নেটওয়ার্ক তৈরি এবং কমিটি গঠন, জেলায় জেলায় সেমিনার আয়োজন এবং প্রতি বছর শিশু সম্মেলনের উদ্যোগ নেওয়া হবে।

উল্লেখ্য, বিশেষ অধিবেশনকে কেন্দ্র করে সেভ দ্য চিলড্রেন গত বছর ২৭ এপ্রিল শিশুদের জন্য হ্যাঁ বলুন শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। আগামী ৮ থেকে ১০ মে নিউইয়র্কে অনুষ্ঠিতব্য অধিবেশনে গত ১০ বছরে শিশুদের জন্য গৃহীত কর্মসূচি কতোটুকু বাস্তবায়ন হয়েছে এবং হয়নি এর পর্যালোচনা হবে এবং পরবর্তী ১০ বছরের জন্য ভবিষ্যৎ পরিকল্পনা তৈরি করা হবে। এতে বাংলাদেশ থেকে প্রধানমন্ত্রী খালেদা জিয়াসহ দুটি শিশু প্রতিনিধি অংশ নেবে।